

২৪/০১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত রাজশাহী বিভাগীয় নির্বাচনি বোর্ড-এর সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব জি এস এম জাফরউল্লাহ এনডিসি
বিভাগীয় কমিশনার, রাজশাহী
ও
সভাপতি, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী
স্থান : সম্মেলন কক্ষ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
সভার তারিখ : ২৪ জানুয়ারি ২০২২ খ্রি.
সময় : সকাল ১০:০০ টা

সভায় উপস্থিত সদস্যগণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব মোহাম্মদ শাহজাহান মিয়া, পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজির কার্যালয়, রাজশাহী (ডিআইজি, রাজশাহী রেঞ্জ এর পক্ষে)
- ২। ড. শরমিন ফেরদৌস চৌধুরী, উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৩। জনাব মোঃ জাকির হোসেন, উপপরিচালক, পিএসসি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী
- ৪। জনাব অভিজিত সরকার, বিভাগীয় কমিশনারের একান্ত সচিব ও সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনি বোর্ড আলোচ্যসূচি সভায় উত্থাপন করেন।

আলোচ্যসূচি-১


জেলা প্রশাসক, পাবনা এর কার্যালয়ের অফিস সুপারিনটেনডেন্ট এর ০৩টি শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণের প্রস্তাব:

সদস্য সচিব সভাকে অবহিত করেন, জেলা প্রশাসক, পাবনার অধীনে অফিস সুপারিনটেনডেন্ট এর ০৭টি শূন্য পদের মধ্যে ০৩টি শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত ফিডার পদধারী সংশ্লিষ্ট কর্মচারীর গ্রেডেশন তালিকা, সুপারিশকৃত ০৩ জন কর্মচারীর চাকুরিবহি ও আনুষঙ্গিক কাগজপত্রসহ ১২/০১/২০২২ তারিখের ০৫.৪৩.৭৬০০.০০৯.১২.০০২.২২.১৫ নং স্মারকে প্রস্তাব প্রেরণ করা হয়। প্রস্তাবে উল্লেখ করা হয়, জেলা প্রশাসক, পাবনা এর কার্যালয়ে অফিস সুপারিনটেনডেন্ট এর মঞ্জুরিকৃত পদ ০৮, কর্মরত ০১ এবং শূন্য পদ ০৭টি।

বর্ণিত ০৩টি শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত উচ্চমান সহকারী পদের গ্রেডেশন তালিকার ০১, ০২ ও ০৫ নং ক্রমিকে বর্ণিত কর্মচারীকে অফিস সুপারিনটেনডেন্ট পদে পদোন্নতির জন্য সুপারিশ করা হয়। উল্লেখ্য, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনায় প্রধান সহকারী, ট্রেজারি হিসাব রক্ষক ও পরিসংখ্যান সহকারী পদে কোনো কর্মচারী কর্মরত নেই মর্মে প্রস্তাবে জানানো হয়।

গ্রেডেশন তালিকার ০৩ নং গ্রেডেশনধারী কর্মচারী পদোন্নতি গ্রহণে অনিচ্ছুক মর্মে লিখিত আবেদন করায়, ০৪ নং গ্রেডেশনধারী কর্মচারী গত ১২ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখে স্বেচ্ছায় অবসরে যাওয়ায় এবং তালিকার অবশিষ্ট ০৬ হতে ১৫ নং গ্রেডেশনধারী কর্মচারীর ফিডার পদে চাকুরিকাল (০২ বছর) পূর্ণ না হওয়ায় পদোন্নতির জন্য সুপারিশ করা হয়নি মর্মে প্রস্তাবে উল্লেখ করা হয়।

পর্যালোচনান্তে পদোন্নতির প্রস্তাবটি অনুমোদন করা যায় মর্মে সকল সদস্য একমত পোষণ করেন। পদোন্নতির প্রস্তাবটি ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।



সিদ্ধান্ত-১.১: চাকুরিবহি, বার্ষিক গোপনীয় প্রতিবেদন এবং ফিডার পদে চাকুরিকাল পরীক্ষান্তে সন্তোষজনক বলে বিবেচিত হওয়ায় জেলা প্রশাসক, পাবনা এর কার্যালয়ের নিম্নবর্ণিত কর্মচারীগণকে তাদের নামের পাশে বর্ণিত পদে পদোন্নতির প্রস্তাব অনুমোদন করা হলো:

ক্রমিক নং	গ্রেডেশন নং	কর্মচারীর নাম, পদবি ও গ্রেড	পদোন্নতি প্রদত্ত পদ ও গ্রেড
১.	০১	জনাব অচিন্ত্য কুমার চৌধুরী, উচ্চমান সহকারী, গ্রেড-১৫	অফিস সুপারিনটেনডেন্ট, গ্রেড-১৩
২.	০২	জনাব মোঃ আতোয়ার হোসেন, উচ্চমান সহকারী, গ্রেড-১৫	অফিস সুপারিনটেনডেন্ট, গ্রেড-১৩
৩.	০৫	জনাব মোঃ দৌলত আলী খান, উচ্চমান সহকারী, গ্রেড-১৫	অফিস সুপারিনটেনডেন্ট, গ্রেড-১৩

সিদ্ধান্ত-১.২: জেলা প্রশাসক, পাবনা পদোন্নতিপ্রাপ্ত পদে নিয়োগ আদেশ জারি করে বিভাগীয় নির্বাচনি বোর্ডকে অবহিত করবেন। কার্যবিবরণীর সত্যায়িত কপি সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরিবহিতে সংযুক্ত করবেন এবং ১(এক) কপি ব্যক্তিগত নথিতে সংরক্ষণ করবেন।

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

<i>অভিজিত সরকার</i> ২৪/০১/২০২২ অভিজিত সরকার বিভাগীয় কমিশনারের একান্ত সচিব ও সদস্য সচিব বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী	<i>মোঃ জাকির হোসেন</i> ২৪/০১/২২ মোঃ জাকির হোসেন উপপরিচালক বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয় রাজশাহী	<i>ড. শরমিন ফেরদৌস</i> ২৪/০১/২২ ড. শরমিন ফেরদৌস চৌধুরী উপপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল রাজশাহী	<i>ডিআইজি</i> ২৪/০১/২২ ডিআইজি রাজশাহী রেঞ্জ এর পক্ষে মোহাম্মদ শাহজাহান মিয়া পুলিশ সুপার রেঞ্জ ডিআইজির কার্যালয়, রাজশাহী	<i>জি এস এম জাফরউল্লাহ এনডিসি</i> ২৪.০১.২২ জি এস এম জাফরউল্লাহ এনডিসি বিভাগীয় কমিশনার রাজশাহী ও সভাপতি বিভাগীয় নির্বাচনি বোর্ড রাজশাহী
---	---	---	---	--

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
ডিএসবি শাখা
www.rajshahidiv.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.০০০০.০১০.০৩.০০১.২১.১৬

তারিখ: ২৪/০১/২০২২ খ্রি.

অনুলিপি (সদয় কার্যার্থে):

জেলা প্রশাসক, পাবনা

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১. ডেপুটি ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী ও সদস্য, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী
২. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী ও সদস্য, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী
৩. উপপরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী ও সদস্য, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী
৪.
৫. অফিস কপি

অভিজিত সরকার
২৪/০১/২০২২

অভিজিত সরকার

সদস্য সচিব

বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী

মোবাইল ফোন: ০১৭৭৯-২৫০২৫০